

## 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৯৯৪

المناسك على المناسك الكاب المناسك الكاب المناسك الكاب المناسك الكاب ال

পরিচ্ছেদঃ ১৯/৪৫. রম্যান মাসের উমরা

بَابِ الْعُمْرَةِ فِي رَمَضانَ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةً، عَنْ حَجَّاجٍ، عَنْ عَطَاءٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ وَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " عُمْرَةٌ فِي رَمَضانَ تَعْدِلُ حِجَّةً " .

বাংলা

8/২৯৯৪। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রমযানের একটি উমরা একটি হজ্জের সমতুল্য।

## **English**

It was narrated from Ibn 'Abbas that the Messenger of Allah (ﷺ) said: "Umrah during Ramadan is equivalent to Hajj."

## ফুটনোট

সহীহুল বুখারী ১৭৮২, ১৮৬৩, মুসলিম ১২৫৬, আবু দাউদ ১২৫৬, ১৯৯০, আহমাদ ২০২৬, দারেমী ১৮৫৯, ইরওয়া ১৫৮৭, আত-তালীকুর রাগীব ৪/১১৪, সহীহ আবু দাউদ ১৭৩৭।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী হাজ্জাজ বিন আরতা সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বকর আল বায়হাকী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়, অন্যত্র তিনি তাকে দুর্বল বলেছেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় তাদলীস করেন। মুহাম্মাদ বিন সা'দ তাকে দুর্বল বলেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ১১১২, ৫/৪২০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন